গাংনীর খাসমহলে ১০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর খাসমহলে ১০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ীকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী।

গতকাল বৃহস্পতিবার রাতে খাসমহলে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলীর নেতৃত্বে, এ এস আই আবুল কালাম আজাদ, ও এএসআই শামসুর রহমান, সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটককৃত লালটু হোসেন(২৩) মোঃ শরীফ খানের ছেলে।

লালটু হোসেন একজন চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ। পুলিশ জানায়, প্রকাশ্যে ফেনসিডিল বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয় লালটু হোসেনের বাড়িতে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করা ও বাড়িতে তল্লাশি করে ১০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র” সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় বামুন্দী শাখার তেরাইল গ্রামে প্রায় ৫০ জন খামারি নিয়ে “প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র” সভা অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ পরামর্শ সভায় হাঁস-মুরগী পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ ও তার প্রতিকার, খাবার ব্যাবস্থাপনা, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যবহার রোধ, পিপিআর,এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়। উক্ত ‘পরামর্শ কেন্দ্র’ সভায় রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: মোঃ আরিফুল ইসলাম এবং প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মো: মিনহাজুল আবেদীন (পিএসকেএস)। এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ ইউনিটের অনান্য কর্মকর্তা গণ।

উক্ত পরামর্শ কেন্দ্র সভা আয়োজনে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ)।

গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ে শীতকালীন পিঠা উৎসব অনুষ্ঠিত

গ্রামবাংলার শীতের আলাদা ঐতিহ্য রয়েছে। আর সেই ঐতিহ্য হচ্ছে গ্রামবাংলার মায়েদের হাতের পিঠাপুলির। শীত এলেই পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায় বাংলার প্রতিটি গ্রামে গ্রামে। সেই পিঠাপুলির মধুর ঘ্রাণেই মুখরিত মেহেরপুরের গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ।

আজ বুধবার বিদ্যালয় মাঠে সকাল ১০টার সময় শুরু হয়েছে পিঠা উৎসব। গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষার্থীরা যৌথ ভাবে এ উৎসবের আয়োজন করেছে।

সকালে ঢাক-ঢোলের বাদ্যের সঙ্গে বর্ণিল বেলুনের সাজে ফিতা কেটে দিনব্যাপী এ উৎসবের উদ্বোধন করেন,মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর।

পিঠা উৎবস পরিদর্শন করেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক,গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রিতম সাহা,সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম,থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) তাজুল ইসলাম প্রমুখ।

পিঠা উৎসবের আয়োজক গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান বলেন, গ্রামীণ সংস্কৃতি আমাদের সংস্কৃতির প্রধান জায়গা। সেই গ্রামীণ সংস্কৃতির অন্যতম উপাদান পিঠাপুলি। এ পিঠাপুলি নিয়ে প্রতিবারের মতো এবারও আমাদের বিদ্যালয়ে অনুষ্ঠিত পিঠা উৎসব আমাদেরকে সেই শেকড়ের সংস্কৃতির কথা মনে করিয়ে দেয়।

উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, এটা শুধু একটি উৎসব নয়, এটা নাগরিক জীবনের যান্ত্রিকতার মাঝে নির্মল আনন্দের খোরাকও। নাগরিক ও ভোগবাদী সমাজের সংস্কৃতিতে এই উৎসব আবহমান বাংলার সংস্কৃতির চিরন্তন উপাদান তুলে ধরার এ আয়োজন অত্যঅন্ত গুরুত্ব¡ বহন করে।

ইবম শ্রেনীর শিক্ষার্থী সিনথিয়া বলেন, বাঙ্গালীর অনেক পিঠা আছে যার নাম আমরা জানিনা। পিঠা কিভাবে তৈরী করে তাও জানিনা। বিদ্যালয়ে পিঠা উৎসবে অংগ্রহনের জন্য মায়ের সাথে পিঠা তৈরী করেছি। আমাদের স্টলে রয়েছে ১৫ রকমের বিভিন্ন স্বাদের পিঠা যা গ্রামবাংলার ঐতিহ্য বহন করে।

অষ্টম শ্রেনীর শিক্ষার্থী মেরিনা জানায়, আমরা এখন থেকে উৎসবের ,মধ্যে সীমাদ্ধ না থেকে মাঝে মধ্যেই মায়েরা যখন পিঠা পুলি তৈরী করবে তখন মনোযোগ সহকারে তা শিখে রাখার চেষ্টা করছি। যাতে মায়েদের অবর্তমানে আমরাও পরিবারকে শীত এলেই পিঠা তৈরী করে খাওয়াতে পারি।

পিঠা উৎসব ঘুরে দেখা যায়, পিঠার স্টলগুলো জমেছে । বন্ধু- স্বজনদের নিয়ে অনেকেই এসেছিলেন বিদ্যালয় প্রাঙ্গণে গ্রামবাংলার পিঠার স্বাদ নিতে। বেশিরভাগ মানুষেরই আগ্রহের পিঠা ছিল মিষ্টি ও ঝাল জাতীয়। তবে ঝাল-টক পিঠাতেও ছিল না অরুচি। ১৬টি স্টলে প্রায় শতাধিক’ পদের পিঠা নিয়ে সাজানো হয়েছে দেশের বিভিন্ন শ্রেনীর শিকক্ষার্থীরা। যার মধ্যে ছিল- ভাপা পিঠা, চিতই পিঠা, দুধ চিতই পিঠা, ঝাল পিঠা, মালপোয়া, মেড়া পিঠা, মালাই পিঠা, মুঠি পিঠা, আন্দশা, কুলশি, কাটা পিঠা, কলা পিঠা, খেজুরের পিঠা, ক্ষীরকুলি, গোকুল পিঠা, গোলাপ ফুল পিঠা, লবঙ্গ লতিকা, রসফুল পিঠা, সুন্দরী

পাকান, সরভাজা, পুলি পিঠা, পাতা পিঠা, পাটিসাপটা, পাকান পিঠা, নারকেলের সেদ্ধ পুলি, নারকেল জিলাপি, তেজপাতা পিঠা, তেলের পিঠা, তেলপোয়া পিঠা, চাঁদ পাকান পিঠা, ছিট পিঠা, পানতোয়া, জামদানি পিঠা, হাঁড়ি পিঠা, ঝালপোয়া পিঠা, ঝুরি পিঠা, ছাঁচ পিঠা, ছিটকা পিঠা, বিবিখানা, চুটকি পিঠা, চাপড়ি পিঠা, ঝিনুক পিঠা, সূর্যমুখী পিঠা, ফুল পিঠা, বিবিয়ানা পিঠা, সেমাই পিঠা, নকশি পিঠা, নারকেল পিঠা, নারকেলের ভাজা পুলি, দুধরাজ, ফুলঝুরি পিঠাসহ আরও বাহারি সব নামের পিঠা।

পিঠা উৎসবে যোগ দিয়ে সাংসদ সদস্য আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর বলেন, দেশের ঐতিহ্যবাহী সংস্কৃতির অন্যতম উপাদান গ্রামীণ সংস্কৃতির পিঠাপুলি। নাগরিক জীবনে যখন সবকিছু যান্ত্রিকতায় আবদ্ধ হয়ে পড়েছে, সীমিত হয়ে পড়ছে আমাদের মানবিক বোধ তখন আমাদের সেই গ্রামীণ সংস্কৃতির অনন্য এই উপাদান পিঠা উৎসব নতুন করে জানান দেয় বিদেশি খাবারের মধ্যেও গ্রামীণ নারীদের হাতের তৈরী পিঠা পুলির স্বাদ এখনও অটুট রয়েছে। শিক্ষার্থীরা তাদের মায়ের সাথে বসে পিঠা তৈরী করেছে। এতে নতুন প্রজম্নের কাছেও নাম না জানা পিঠা পুলি পরিচিতি পাচ্ছে। এমন আয়োজন বারংবার ফিরে আসুক গ্রামবাংলার প্রতিঠি ঘরে ঘরে।

গাংনীতে মৎস্যচাষ ব্যবস্থাপনার প্রশিক্ষণ অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় দুই দিনব্যাপি উন্নত ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান ও গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার

কর্মকর্তাবৃন্দ ও মৎস্য চাষীসহ মাছ চাষে সফল খামারি।

এ সময় মাছ চাষ ব্যবস্থাপনা, গুণগত মানসম্পন্ন মাছের বৈশিষ্ট্য, মাছ চাষে সরকারের নানা পদক্ষেপ ও সফলতা, দেশী মাছ চাষের গুরুত্ব, উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা, পুকুর ব্যবস্থাপনা ও মজুদকালীন ব্যবস্থাপনা, পুকুর পাড়ে চাষযোগ্য সবজি ও এর উপকারিতা নিয়ে আলোচনা, প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ ও প্রতিকার, সমন্বিত মাছ চাষের উপকারিতাসহ চাষ সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে দুই দিনব্যাপি নতুন জাতের ফসল চাষ পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত কৃষিখাত এর আওতায় দুই দিনব্যাপি উচ্চমূল্য ও উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ ও পরিবেশ বান্ধব মালচিং পেপার ব্যবহার করে উচ্চ মূল্যের ফসল চাষ প্রচলন বিষয়ক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণে অংশ নেন ২৫ জন কৃষানি।

আজ মঙ্গলবার সকালে অনুষ্ঠিত প্রশিক্ষণটি পলাশীপাড়া শাখা কার্যালয়ের হলরুমে অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-এর উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদার ও জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রকৌশলী সুবল চন্দ্র মন্ডল এবং উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ ইমরান হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার সহকারী পরিচালক মোহাঃ সাইফুল ইসলাম, সংস্থার অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং সফল খামারি।

এ প্রশিক্ষণে বিভিন্ন উচ্চফলনশীল ফসলের জাত পরিচিতি ও মৌসুম, বীজ বাছাই, বীজ শোধন ও জাগ দেয়া, বীজতলা তৈরী, বীজতলায় বপন, বীজতলা পরিচর্যা, চারা উঠানো, চারা বহন, রোপনের জন্য জমি তৈরী, চারা রোপন, জৈব সার প্রয়োগ, ডলোচুন ব্যবহার, ব্রি-হাইব্রিড ধানের চাষ পদ্ধতি, আগাছা দমন ও সেচ ব্যবস্থাপনা, ধানে অতিরিক্ত চিটা হওয়ার কারণ ও প্রতিকার, ধান কাটার সময়, মাড়াই এবং সংরণ, ধানের বীজ সংরণ, উচ্চমূল্য ও উচ্চফলনশীল বিভিন্ন ফসল (লালবাঁধা কপি, ব্রকলি, ক্যাপসিকাম, বেবি তরমুজ ইত্যাদি) চাষ সংক্রান্ত এবং অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনী উপজেলা আওয়ামী লীগ হবে স্মার্ট আওয়ামী লীগ — এমপি সাগর

আগামী পাঁচ বছরে গাংনী উপজেলা আওয়ামী লীগ হবে স্মার্ট আওয়ামী লীগ। এই উপজেলার সকলের সম্মান রক্ষা করে শান্তি ও সম্পৃতির গাংনী গড়ে তোলা হবে। এজন্য সকল শ্রেনী পেশার মানুষের কাছে আমি সহযোগিতা চাই।

মেহেরপুর-২ (গাংনী) আসনের নবনির্বাচিত জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগরকে বরণ অনুষ্ঠানে এই সহযোগীতা চান তিনি।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বিকালে আইনী সহায়তা কেন্দ্র (আশক) ফাউন্ডেশনের গাংনী উপজেলা শাখার উদ্যোগে নবনির্বাচিত সাংসদ ডা এএসএম নাজমুল হক সাগরকে আড়ম্বরপূর্ণ পরিবেশে বরণ করে নেয়া হয়।

বরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইনী সহায়তা কেন্দ্র (আশক) ফাউন্ডেশনের গাংনী উপজেলা শাখার সভাপতি নজরুল ইসলাম।
বরণ অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির

বক্তব্য রাখেন জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথির বক্তব্য জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম,গাংনী উপজেলা আসকের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন, আশকের মেহেরপুর জেলা কমিটির উপদেষ্টা হারুন অর রশীদ, গাংনী উপজেলা শাখার অর্থ সম্পাদক আমিনুল ইসলাম রতনসহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতা কর্মী।

প্রধান অতিথি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর আরও বলেন, শেখ হাসিনার নির্দেশনা ছিলো উৎসব মুখর পরিবেশে শান্তিপূর্ণ ভাবে দ্বাদশ জাতীয় নির্বাচন। মেহেরপুর জেলার মানুষ প্রধান মন্ত্রীর সেই নির্দেশ পালন করেছেন। নির্বাচন পূর্ববর্তি এবং পরিবর্তি কোনো ধরনের সহিংসতাও হয়নি। এজন্য জেলার মানুষকে ধন্যবাদ জানান। আগামী পাঁচ বছর ঐক্য গড়ে তুলে গাংনী উপজেলায় উন্নয়ন করা হবে বলেও জানান তিনি।

অনুষ্ঠানে নবনির্বাচিত সাংসদ ডাক্তার এএসএম নাজমুল হক সাগরকে ক্রেষ্ট ও ফুলের মালা দিয়ে বরণ করে নেয়া হয়।

গাংনীতে কৃষকের ৬ বিঘা জমির কলা গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা

মেহেরপুরের গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের দুই কৃষকের ৬ বিঘা জমির কলাগাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা। এতে কৃষকের ক্ষতি হয়েছে প্রায় ১২ লাখ টাকা।

গতকাল শনিবার দিবাগত রাতের কোন এক সময় শাজাহান আলীর এক বিঘা ও রহিদুল ইসলামের ৫ বিঘা জমির কলাগাছ কেটে দেয়ার ঘটনা ঘটে। লিখিত অভিযোগ পেলে ব্যবস্থায় নেওয়ার আশ্বাস পুলিশের। এতে কৃষকের ১২ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবী ক্ষতিগ্রস্ত কৃষকের।

ক্ষতিগ্রস্ত কৃষক সাজাহান আলী ও রহিদুল ইসলাম বলেন, প্রতিবিঘা ৩০ হাজার টাকায় অন্যের কাছ থেকে বর্গা নিয়ে কলার চাষ শুরু করেন। প্রতি বিঘায় তাদের খরচ হয় ৩০ থেকে ৩৫ হাজার টাকা। সকালে লোকজন দেখে কৃষকদের জানানোর পরে জমিতে এসে দেখি জমির সব গাছ কেটে দিয়েছে। কারো সাথে কোন শত্রুতা নেই তারপরও এমন করার কারণ বুঝছি না। ফসল মাঠেই থাকে। ফসলের সাথে শত্রুতা করা হয়েছে । এতে ক্ষতি হয়েছে প্রায় ১২ লাখ টাকা।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. ইমরান হোসেন বলেন, কৃষকের ফসল কেটে তছরুপ করার বিষয়টি ন্যাক্কার জনক। এতে শুধু কৃষকের ক্ষতি হয়নি। জেলার অর্থনীতির ক্ষতি করা হয়েছে। এমন ন্যাক্কার জনক কাজে জড়িতদের আইনের আওতায় আনা উচৎ।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) তাজুল ইসলাম বলেন, কলাবাগান কেটে দয়ার ঘটনা শুনেছি।ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লিখিত অভিযোগ পেলে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ এর সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকালে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে বিভিন্ন খেলার সমাপনী অনুষ্ঠিত হয়।মোট ৬৭ টি ইভেন্টে উপজেলার ৪২ টি মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জ্লো আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের সভাপতিত্বে এবং মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আবদুল্লাহ আল মাসুমের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ

সদস্য ডাঃ আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর।

অনুষ্ঠানের বিশেষ অতিথি উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা,সাবেক মেয়র আশরাফুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনী মোবারক, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানি।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন গাংনী সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, বিপিএন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একেএম অহিদুল হক আসাদ, জোতি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খুরশিদা আক্তার, আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসানুজ্জামান সহ উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ শিক্ষক ও শিক্ষার্থীরা।

চলতি মাসের ১৫ তারিখ শুরু হয়ে আজ সকল ইভেন্টের ফাইনাল খেলার মূূাধ্যমে খেলার সমাপনী অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হক সাগর বলেন, বর্তমান সরকার শিক্ষার্থীদের শারিরীক ও মানসিক দক্ষতা বৃদ্বির জন্য খেলাধুলার প্রতি বিচেষ গুরুত্ব দিয়েছে। সরকার বিভিন্ন সুযোগ সুবিধা বৃদ্বি করা হচ্ছে।

তিনি উপজেলার সকল প্রধান শিক্ষকদের নিজ নিজ প্রতিষ্ঠানের মাঠ খেলার উপযোগী করে শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি খেলাধুলায় মনোনিবেশ করার আহবান জানান। তিনি বিজয়ী এবং বিজিত সবাইকে খেলায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানান। তিনি জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত খেলোয়াড় তৈরীর আহবান জানান। এই আয়োজনের সাথে যুক্ত সবাইকে ধন্যবাদ জানান। সবশেষে প্রধান অতিথিসহ অতিথি বর্গ বিজয়ীদের মাঝে ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করেন।

গাংনীতে আগুন পোহাতে গিয়ে দগ্ধ সেই দিনমজুরের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে আগুন পোহাতে গিয়ে দগ্ধ দিনজমুর শাহাদুল ইসলাম (৫০) মারা গেছেন। আজ শনিবার (২০ জানুয়ারি) ভোরে ঢাকা মেডিকেলে কলেজ হাসপাতালে চিকিৎসাধীন তার মৃত্যু হয়।

শাহাদুল ইসলাম কল্যাণপুর গ্রামের তৈমুদ্দীনের ছেলে।গত বুধবার রাত ৯টার দিকে শীত নিবারণের জন্য বাড়ির পাশে আগুন পোহাচ্ছিলেন শাহাদুলসহ কয়েকজন প্রতিবেশী। হঠাৎ আগুন পোশাকে লেগে তার শরীরের অর্ধেক অংশ দগ্ধ হয়। প্রতিবেশীরা তাকে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রয়োজনীয় চিকিৎসার পর উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল এবং পরে ঢাকা মেডিকেলে কলেজ হাসপাতালে নেওয়া হয়। চিকিৎসকরা জানিয়েছেন, শাহাদুলের শরীরের অর্ধেক দগ্ধ হয়েছিল।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে স্থানীয় ইউপি সদস্য কাওছার আলী জানান, তার শরীরের অর্ধেক অংশ পুড়ে যাওয়ায় চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হয়েছিল। মরদেহ বাড়িতে আনার প্রক্রিয়া চলছে।

গাংনীতে নবনির্বাচিত সংসদ সদস্যকে বরণ

মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য আবু সালে মোহাম্মদ নাজমুল হক (সাগর) কে বরণ অননুষ্ঠানে প্রধাান অতিথির বক্তব্যে এএসএম নাজমুল হক সাগর বলেন, আওয়ামীলীগ মুক্তিযুদ্ধের ও মুক্তিযুদ্ধের চেতনার দল। আওয়ামীলীগ মুক্তিযুদ্ধ হৃদয়ে ধারণ করে।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, শেখ হাসিনার নির্দেশ ছিল অংশগ্রহণ ও উৎসবমুখর পরিবেশে নির্বাচন করতে হবে। প্রধানমন্ত্রীর সেই নির্দেশ পালন করার জন্য ভোটারদের ধন্যবাদ

দেন তিনি। গাংনীর মানুষকে সব ধরনের সহযোগিতা করার জন্য প্রশাসনকে অনুরোধ করেন তিনি। গাংনীর উন্নয়নে তরুন প্রজন্ম ও প্রবীণদের চাওয়ার আলাদা ধরণ রয়েছে উল্লেখ করে তিনি বলেন, সেক্ষেত্রে তরুন ও প্রবীণদের সমন্বয় করা হবে।

তিনি বলেন, ভোটাররা যেনো মনে কষ্ট না পাই রাজনৈতিক নেতা ও প্রশাসনকে সেদিকে লক্ষ রাখার অনুরোধ করেন এমপি নাজমুল হক সাগর। কর্মকর্তাদের নিজেদের শাসক না মনে করে জনগণকে ভাই মনে করে সেবা দেওয়ার আহবান জানান তিনি। সেক্ষেত্রে কর্মকর্তাদেরকে সাধারণ জনগণের সাথে মেশার আহবান জানান। জনগণের শুধু মুখের ভাষা নয়, তাদের বডি ল্যাংগুয়েজ বুঝে কাজ করার আহবান জানান। স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানিয়ে তিনি বলেন, তরুণ প্রজন্মকে খারাপ নজর থেকে বাঁচিয়ে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে হবে।



তিনি বলেন, গাংনীর পরিবর্তনে সবাইকে কাজ করতে হবে। দেশ ও সমাজকে বদলাতে হবে। রাস্তা ঘাটের উন্নয়নের পাশাপাশি সমাজ পরিবর্তন করতে হবে। আর আমাদের সামনে মুল চ্যালেঞ্জই হবে সমাজ পরিবর্তন। আগামীতে গাংনী উপজেলার মাঠের রাস্তাগুলির, কৃষকদের উৎপাদিত ন্যায্যমূল্য নিশ্চিত, কৃষি অবকাঠামোর উন্নয়ন ও কৃষির উন্নয়ন, স্বাস্থ্যখাতের উন্নয়নে কাজ করাই হবে জনপ্রনিধিদের কাজ।

আগামি তিন মাসের মধ্যে গাংনীর ৪ ইনিয়ন সাব সেন্টারগুলো চালু করা, শিক্ষা ক্ষাতের উন্নয়নের দিকে নজর দেওয়ার আশ্বাস দেন। প্রশাসনের উপর নির্ভর না করে মাদক, জুয়া ও সুদমুক্ত সমাজ গঠনের জন্য সবাইকে এগিয়ে আসতে হবে। তরুণ সমাজকে খেলাধুলা, সাংস্কৃতিক কাজে যুক্ত করতে হবে। যাতে এই তরুণ সমাজ খারাপ কাজে পা বাড়াতে না পারে সেদিকে নজর দেওয়ার আশ্বাস দেন।

গাংনী উপজেলার সীমান্তবর্তী কাজিপুরে নতুন করে মুক্তিযুদ্ধা

কমপ্লেক্স তৈরী করার ঘোষণা দিয়ে তিনি বলেন, মুক্তিযুদ্ধাদের উন্নয়নে কাজ করা হবে।

গাংনী উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আজ বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) বেলা ১১ টার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে নবনির্বাচিত সাংসদকে আড়ম্বরপূর্ণ পরিবেশে বরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য এএসএম নাজমুল হক সাগর। স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সাংস্কৃতিক সংগঠক মো: সিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান একেএম শফিকুল আলম, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম, সাবেক মেয়র আশরাফুল ইসলাম।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হকের সঞ্চালনায় অনুষ্ঠিত বরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন। তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, গাংনী উপজেলা মৎস্য অফিসার খোন্দকার শহিদ, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও রিপোর্টারস ক্লাবের সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী বাজার কমিটির সভাপতি সালাহউদ্দিন শাওন প্রমুখ।

এসময় উপস্থিত ছিলেন, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকন।

অনুষ্ঠানে উপজেলা প্রশাসনের কর্মকর্তা, মুক্তিযোদ্ধা, শিক্ষক, সাংবাদিক, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, বিভিন্ন এনজিও, সুশীল সমাজের নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্যে গাংনী উপজেলা নির্বাহী অফবসার (ইউএনও) প্রীতম সাহা বলেন সকলে মিলে একটি স্বচ্ছ, জবাবদিহি, জনবান্ধব, স্মার্ট আধুনিক ও উন্নত গাংনী গড়ে তুলতে হবে। মাদক, ইভটিজিং, বাল্যবিবাহ, দুর্ণীতিমুক্ত এবং স্বচ্ছ গাংনী উপজেলা হিসেবে গড়ে তুলতে সবাইকে এক সাথে কাজ করতে হবে।

তিনি বলেন, এই উপজেলার কৃষি, স্বাস্থ্য, শিক্ষাসহ সকল খাতকে একটি উচ্চ মর্যাদাশীল পর্যায়ে নিয়ে যেতে হবে। এসডিজি বাস্তবায়নের জন্য শুভ সুচনার কথা ও আইন শৃঙ্খলা ভাল রাখতে সকলে মিলে এক সাথে কাজ করার অঙ্গীকার করেন তিনি।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গাংনী উপজেলার মানুষ উৎসবমুখর পরিবেশে শান্তিপূর্ণভাবে ভোট প্রদান করাই গাংনী উপজেলার মানুষকে অভিনন্দন জানান প্রীতম সাহা।